রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২৬.০১৫.২৬-৬৪৫—সরকার কর্তৃক সময়ে সময়ে সিএনজি/জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে যাত্রিবাহী মোটরযান/ইলেকট্রিক বাসের ভাড়া নির্ধারণ/পুনঃনির্ধারণের সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

ক্রম	পদবি ও ঠিকানা	কমিটিতে অবস্থান
০১.	চেয়ারম্যান, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা	আহ্বায়ক
০২.	যুগ্মসচিব (বিআরটিএ অধিশাখা)/উপসচিব (বিআরটিএ সংস্থাপন শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	সদস্য
০৩.	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার)	সদস্য
০৪.	ডিটিসিএ-এর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার)	সদস্য
০৫.	পরিচালক (টেকনিক্যাল), বিআরটিসি, মতিঝিল, ঢাকা	সদস্য
০৬.	পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা	সদস্য
০৭.	পরিচালক (অপারেশন), রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড	সদস্য
০৮.	সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি	সদস্য

মূল্য : টাকা ৪.০০

ক্রম	পদবি ও ঠিকানা	কমিটিতে অবস্থান
০৯.	মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি	সদস্য
১০.	সভাপতি, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন	সদস্য
১১.	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন	সদস্য
১২.	সভাপতি, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ	সদস্য
১৩.	উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) যাত্রিবাহী মোটরযানের ভাড়া নির্ধারণ/পুনঃনির্ধারণের সুপারিশ প্রদান;

(খ) জ্বালানি (গ্যাস/বিদ্যুৎ/তেল) মূল্য বৃদ্ধির ১ (এক) সপ্তাহের মধ্যে পুনঃনির্ধারিত ভাড়ার হারের সুপারিশ সংবলিত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করবে; এবং

(গ) ভাড়া সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

২। এ বিভাগের গত ৩১-১২-২০১২ খ্রি. তারিখের ৩৫.০১৯.০৩১.০০.০০.০১০.১৯৯৭-৪৭৯ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd